

কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- ❖ বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- ❖ সার্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- ❖ দেনমোহর বীমা
- ❖ হজ্ব বীমা (লাভসহ)
- ❖ প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- ❖ বহু কিস্তি বীমা (লাভসহ)
- ❖ মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ প্রগতিশীল মেয়াদী বীমা
- ❖ ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- ❖ শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)
- ❖ মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- ❖ দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- ❖ একক প্রিমিয়াম বীমা (লাভসহ)
- ❖ প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- ❖ যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম



সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

“সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মূল উদ্দেশ্য।”

জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম (লাভসহ) (টেবিল-৬১)
JBC Monthly Savings Scheme (With Profit) (Table—61)

জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম (লাভসহ) (টেবিল-৬১)
JBC Monthly Savings Scheme (With Profit) (Table—61)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন: ০২২২৩৩৮৫৭২০

ই-মেইল: tad@jbc.gov.bd

Web: jbc.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

তালিকা-৬১

জেবিসি মাসিক সঞ্চয়ী স্কীম (লাভসহ)

ভূমিকা:

দেশের সকল পেশাজীবী স্বল্প-আয়ের জনগোষ্ঠীরা যাতে বীমা সুবিধা গ্রহণ করতে পারে তাদের জন্য জীবন বীমা কর্পোরেশন ‘জেবিসি মাসিক সঞ্চয়ী স্কীম (লাভসহ) (টেবিল নং-৬১)’ প্রবর্তন করেছে। ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় মাসিক ভিত্তিতে আপামর জনগণ মাসিক কিস্তিতে স্বল্প প্রিমিয়াম প্রদানের মাধ্যমে এই বীমার সুবিধা গ্রহণ করতে পারবে। অপরদিকে তাদের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে তাদের পরিবার আর্থিক নিরাপত্তা পাবে। সাথে সাথে মেয়াদপূর্তিতে লাভসহ টাকা পেয়ে ভবিষ্যতে আর্থিক চাহিদা মিটাতে সক্ষম হবেন।

যাদের জন্য উপযোগী:

এই বীমা পরিকল্পনা স্বল্প-আয়ের মানুষ-কৃষক, শ্রমিক, সমবায়ী, পশুপালক, কামার-কুমার, গার্মেন্টস শ্রমিক, রিক্সাওয়ালা ও অন্যান্য পেশাজীবী যারা, তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে তার নিজের ও পরিবারের সদস্যদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করতে চায় তাদের জন্য বিশেষভাবে উপযোগী।

বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:

- সর্বনিম্ন প্রবেশকালীন বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স ৪৮বছর।
- বীমার মেয়াদ: ১২ বছর থেকে ১৬ বছর।
- মেয়াদপূর্তিকালীন বয়স ৬০ বছরের বেশী হবে না।
- সর্বনিম্ন মাসিক প্রিমিয়াম প্রিমিয়াম ১০০/- টাকা, সর্বোচ্চ মাসিক প্রিমিয়ামের ১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা)।
- মাসিক কিস্তিতে প্রিমিয়াম প্রদান করতে পারবে।
- ১২ মাসের প্রিমিয়াম অগ্রিম প্রদান করতে পারবে।
- মেয়াদ শেষে বীমাকৃত অর্থ (লাভসহ) প্রদান।
- মেয়াদের পূর্বে বীমাগ্রাহকের মৃত্যুতে বীমাকৃত অর্থ অর্জিত বোনাসসহ মনোনীতককে প্রদান করা হবে।
- প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যায়।
- এ পরিকল্পনায় ২ (দুই) বছর প্রিমিয়াম প্রদানের পর সমর্পণ ও ঋণ গ্রহণ করা যাবে।
- বীমা অঙ্ক ও প্রিমিয়াম প্রদান পদ্ধতির জন্য রেয়াত প্রযোজ্য নয়।
- কোন ডাক্তারী পরীক্ষার রিপোর্ট এই বীমায় প্রদান করতে হবে না।
- এই বীমার সঙ্গে অতিরিক্ত সুবিধার বীমা (Supplementary Benefit) গ্রহণ করা যাবে।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

জেবিসি মাসিক সঞ্চয়ী স্কীম (লাভসহ) (টেবিল-৬১)

(মাসিক কিস্তি ও বীমা অংকের পরিমাণ)

মাসিক প্রিমিয়াম	মেয়াদ	বীমার অংক
১০০	১২	১৩,৫০০
১০০	১৩	১৫,০০০
১০০	১৪	১৬,০০০
১০০	১৫	১৭,৬০০
১০০	১৬	১৮,৫০০

উদাহরণ :

৩৫ বছর বয়সের একজন ব্যক্তি মাসিক ১,৫০০/- টাকার ১টি ‘জেবিসি মাসিক সঞ্চয়ী স্কীম’ জেবিসি হতে গ্রহণ করলে তার বীমা অঙ্ক ও দাবী নিম্নরূপ:

(ক) ১২ বছর মেয়াদের ক্ষেত্রে মাসিক প্রিমিয়াম=১,৫০০/- টাকা। বীমা অঙ্ক ২,০২,৫০০/- টাকা। ১২ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ২,১৬,০০০/- মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) পাবে ২,৮২,৬৯০/- টাকা। মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যুতে অর্জিত বোনাসসহ মূল বীমা অংক নমীনিকে প্রদান করা হবে।

(খ) ১৬ বছর মেয়াদের ক্ষেত্রে মাসিক প্রিমিয়াম ১৫,০০/-টাকা। বীমা অঙ্ক ২,৭৭,৫০০/- টাকা। ১৬ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ২,৮৮,০০০/- মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) পাবে ৫,০৮,৩৮০/- টাকা। মেয়াদপূর্তি পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক নমীনিকে প্রদান করা হবে।

দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:

মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:

১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মরণোত্তর দাবী ক্ষেত্রে:

দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি- ১। বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৪। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬। কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।